



জেলা পরিষদ  
ফেনী।  
[www.zpfeni.gov.bd](http://www.zpfeni.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ০৬/১১/২০২২ খ্রি:।

স্মারক নং- জেপফে/সা:/সম্পত্তি ইজারা/২০২২/ ৪৩০

## একসনা ভিত্তিতে অস্থায়ীভাবে জমি ইজারা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেনী জেলা পরিষদের মালিকানাধীন সম্পত্তির (জমি) সুষ্ঠু ব্যবস্থাপনা ও রাজস্ব আদায়ের স্বার্থে “জেলা পরিষদের সম্পত্তি (অর্জন, ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা ২০১৭” এর ৭(১)(গ) বিধি মোতাবেক ২০২২-২৩ অর্থ বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে একসনা ইজারা/ভাড়া প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিবর্গের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তবালী

- ১। আবেদনের সাথে এক কপি রজিন পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের কপি দাখিল করতে হবে।
- ২। জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত হারে ইজারামূল্য এবং বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
- ৩। সরকারী নির্দেশনা ও জেলা পরিষদের সিদ্ধান্তের আলোকে লীজের হার সময়ে সময়ে পরিবর্তন যোগ্য।
- ৪। আবেদনকারীর প্রয়োজন ও জমির প্রকৃতি অনুযায়ী ইজারা/ভাড়া প্রদান করা হবে।
- ৫। পার্শ্ববর্তী জমির মালিকদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৬। পূর্বের ইজারাদারগণকেও আবেদন করতে হবে। সেক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৭। ইজারাকৃত জমিতে কোন পাকা বা স্থায়ী অবকাঠামো নির্মাণ করা বা শ্রেণী পরিবর্তন করা যাবে না।
- ৮। ইজারা প্রাপ্ত হলে জেলা পরিষদের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ৯। অফিস চলাকালীন সময়ে নির্ধারিত ফরম সংগ্রহ ও জমা প্রদান করা যাবে।
- ১০। সম্পত্তি ইজারা/ভাড়া প্রদান ও বাতিলের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ হতে জানা যাবে।

৭৪

(আবু দাউদ মো: গোলাম মোস্তফা)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ফেনী।  
ফোন নং-০২৩৩৪৪৭২৪০১  
E-mail:ceozpfeni@gmail.com